দৈনিক ইনকিলাব

তারিখ 16 AUG 1988
পৃষ্ঠা ... ৭ কলাম ... ২ ...

..06.013

## উপজেলা পরিক্রমা

# চিতলমারী

চিতলমারী (বাগেরহাট), ১৫ আগস্ট।— ৭৪ বর্গমাইল এলাকাব্যাপী চিতলমারী উপজেলার উত্তরে মধুমতি নদী, দক্ষিণে কচুয়া উপজেলা ও বাগেরহাট জেলা, পূর্বে বলেশ্বর ও মধুমতি নদী, পশ্চিমে ফকিরহাট ও মোল্লাহাট উপজেলা।

### শিক্ষা

৭টি ইউনিয়নের সমন্বয়ে ১২৪টি গ্রামের লোক সংখ্যা ১,৫৫,৮৭৯ জন। এখানে শেরেবাংলা মহাবিদ্যালয় নামে একটি কলেজ, ১৪টি উচ্চ বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৫টি, প্রথমিক বিদ্যালয় ৬২টি, বেসরকারী প্রথমিক বিদ্যালয় ৫০টি, স্বীকৃত সিনিয়র মাদ্রাসা ৬টি ও জুনিয়র মাদ্রাসা ১৫টি আছে। শিক্ষিতের হার ২২%।

### যোগাযোগ

ইউনিয়ন হতে পুলিশ ফাঁড়ি, পুলিশ ফাঁড়ি হতে পূর্ণাঙ্গ থানা, থানা হতে উপজেলা— এই চিতলমারীর ঘোষণা দ্রুততার সাথে হওয়ায় সব কিছুই এখনো অবহেলিত। সমগ্র উপজেলায় ১৫৫ মাইল কাঁচা রাস্তা আছে।

পাকা রাস্তা আছে মাত্র ১ মাইল। গ্রামের সাথে উপজেলা সদরের যোগাযোগ ব্যবস্থা খুবই শোচনীয়। সবচেয়ে দুঃখজনক বৃটিশ আমলে নির্মিত চিতলমারী-বাগেরহাট সংযোগ সড়কের অসমাপ্ত নির্মাণ কাজ আজও সমাপ্ত হয়নি।

অবহেলিত চিতলমারী উপজেলায় সাবপোষ্ট অফিস আছে ১টি, শাখা অফিস আছে ১০টি। ১টি টিএণ্ডটি অফিস আছে। তবে বিভিন্ন প্রকার সমস্যা জর্জরিত। একমাত্র বাগেরহাট জেলা শহর ব্যবতীত বাংলাদেশের বিভিন্ন শহরে যোগাযোগ রক্ষা করা অত্যন্ত কঠিন ব্যাপার। এমনকি ২/৩ দিন অপেক্ষা করতে হয়। কোন কোন সময় ২/৩ দিন অপেক্ষা করেও শেষ পর্যন্ত ব্যর্থ হতে হয়।

### কৃষি

প্রকৃতি তার হৃদয়ের মাধুরী সম্পূর্ণটুকুই উজার করে ঢেলে দিয়েছে অত্র উপজেলায়। যার ফলে বারমাসই একটারপর একটা ফসল ফলতে থাকে এখানে। ৩০ হাজার একর জমি চাষাবাদযোগ্য। একফসলী জমি ১৭,৬৯৭ হাজার একর, দুই ফসলী জমি ১১,৬৬৯ একর। প্রধান ফসল রবিশস্য। ইরি, বোরো, আঁউশ-আমন, পাট, আখ, নারকেল ও সুপারী।